W.B.P. Form No. 27

# FIRST INFORMATION REPORT

354

First Information of a cognizable crime reported under section154 Cr. P. C. at P.S.

1. Dist. Purba MDP Sub- Divn. Contai P.S. Mandarmoni coastal Year 2017 FIR NO. 10/17 Date. 20.3.17
2. i) Act IPC Section 341/323/325 iii) Act Sections
2. ii) Act Section 354/379/506/34 iv) Other Act & Sections
3. a) General Diary Reference : Entry No. 645 Time 10:35 hrs
   b) Occarrence of Offence : Day Monday Date 13.2.17 Time at about 16:00 hrs
   c) Information received Date 20.3.17 Time 10:35
   G.D. No. 645 at the Police Station : MMC PS
4. Type of Information. Written / Oral written
5. Place of Occurrence a) Direction and Distrance from P.S. North-East 18 K.M approx from PS
   b) Address Purba Purbabar JL NO 267, Anchal- Kadua, G.P. Block- R (RMS) PS- Mandarmoni coastal, Dist- Purba Medini Pur
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S.
   District
6. Complaint /Informant :
   a) Name Sandhya Mondal
   b) Father's / Husband's Name W/o- Sripati Mondal
   c) Date/Year of Birth Not Noted
   d) Nationality Indian
   e) Address Purba Purbabar, PS- Mandarmoni coastal, Dist- Purba MDP
7. Detaiuls Known/Suspected/Unknown/Accused with full particulars (i) Ashok Mondal S/o- Srihari Mondal (ii) Surendra Mondal S/o Lt- Kartick Mondal (iii) Dipak Mondal S/o-
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant
   Kalipada Mondal (iv) Kamal Mondal S/o Srihari Mondal (v) Jakanbi Mondal W/o Dipak Mondal (vi) Anjali Mondal W/o Srihari Mondal
9. Particular of properties stolen / involved : (Attach separete sheet, if required) : (vii) Mamoni Mondal W/o Kamal Mondal (viii) Tusi Mondal W/o Ashok Mondal (ix) Kalipada Mondal S/o- Hemanta Mondal (x) Nilima Mondal @ Litu W/o Surendra Mondal all of- Purba Purbabar, PS- Mandarmoni coastal, Dist- Purba MDP
10. Total value of Properties stolen / involved :
11. Inquest report / U.D. : Case No. if any :
12. FIR Contents : (Attach separate sheets, if required) :
    The original written complaint which is treated as FIR is attached here with

DR NO 459/17
21.3.17

13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 341/323/325/354/379/506/34 IPC

register the case ~~and took up the investigation~~/directed ASI Goutam Maity to take up the investigation

transferred to P.S. on point of jurisdiction FIR read over to the Complaint / informant, admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

(signature) 20/3/17

Signature of the Office-in-charge, Police Station with

Name Rajkumar Debnath

Rank SI of Police (O.C. MMC PS)

সন্ধ্যা মন্ডল

Signature / Thumb Impression of

..e O.C.,
Mandarmoni Coastal P.S.,
Mandarmoni,
Dist.-Purba Medinipur,

মহাশয়,

আমি শ্রীমতি সন্ধ্যা মন্ডল, স্বামী - শ্রী শ্রীপতি মন্ডল, সাং-পুর্ববাড় (পূর্ব), পোঃ-কালিন্দী, থানা-মান্দারমনি কোস্টাল, জেলা-পূর্ব মেদিনীপুর।

আমার বিনীত নিবেদন এই যে, নিম্ন তপশীল ব্যক্তিগণ যথাক্রমে আমার ভাসুরের এবং কাকাশ্বশুরের পরিবারগ ব্যক্তিগণ হইতেছে। তাহারা অত্যন্ত সমাজবিরোধী, গুন্ডা প্রকৃতির, পরসম্পত্তিলোভী, পরশ্রীকাতর, চরিত্রহীন এবং রাজনৈতিক মদতপুষ্ট একযোগের ব্যক্তিগণ হইতেছে। তপশীল ব্যক্তিগণ প্রতিনিয়তঃ সম্পত্তির সীমানা লইয়া আমার পরিবারের সহিত কারনে অকারনে বাগবিতন্ডা করিয়া আসিতেছে। উক্ত সম্পত্তি আমার স্বামীর ক্রয়সুত্রে দখলীকৃত রেকর্ডভুক্ত সম্পত্তি হইতেছে। আমাদিগের সম্পত্তির সীমানা লইয়া সমাধানের উদ্দেশ্যে বিশিষ্ট গ্রামস্থ পঞ্চায়েত স্তরের ব্যক্তিবর্গকে লইয়া আলোচনায় সিদ্ধান্তক্রমে আমিনের দ্বারা পরিমাপ হইয়া সীমানা নির্দ্ধারন হওয়া সত্ত্বেও নিম্ন তপশীল ব্যক্তিগণ পূর্ব আক্রোশবশতঃ আর কোন কারন না পাইয়া আমাদের দখলীকৃত সম্পত্তি হইতে উৎখাত করিবার উদ্দেশ্যে উক্ত সম্পত্তির নির্দ্ধারিত সীমানা মানিবে না বলিয়া প্রায়শঃই ধমক দিতে থাকে। এইরূপ গত ইং ১৩/০২/২০১৭ তারিখে আন্দাজ বিকাল ৪-০০ টা নাগাদ আমি আমার দখলীকৃত সম্পত্তির সীমানার ভেতরে স্তুপীকৃত গৃহ নির্মনের সামগ্রী (চিপস পাথর) গোছানোর কাজ করিবার সময় তপশীল ব্যক্তিগণ আমার কার্য্যে বাধা প্রদান করিয়া উক্ত পাথরাদি তাহদের বলিয়া দাবী করিয়া তুলিতে দিবেনা বলিয়া শাসাইতে থাকে। আমি তাহাতে প্রতিবাদ করিলে মারিয়া ফেলিবার উদ্দেশ্যে ১ নং তপশীল ব্যক্তি সহ অন্যান্য তপশীল ব্যক্তিগণ সম্পূর্ণ বে-আইনীভাবে জোরপূর্বক প্রবেশ করিয়া হাতে লাঠি, বাটাম ধারালো অস্ত্র শস্ত্র আদি লইয়া আমার দিকে ছুটিয়া আসিলে আমি প্রানের ভয়ে পালাইয়া আসিবার চেষ্টা করিলে ১ নং তপশীল ব্যক্তি আমার চুলের মুঠি ধরিয়া টানিতে টানিতে মাটিতে ফেলিয়া দেয়। ২ নং তপশীল ব্যক্তি আসিয়া আমাকে এলোপাথাড়ি কিল, চড়, ঘুঁসি, লাথি মারিতে থাকে। ৩ নং তপশীল ব্যক্তি আসিয়া আমার পরনের শাড়ী, ব্লাউজ ছিঁড়িয়া নখ দ্বারা আমার বুকে আঁচড়াইয়া দেয় এবং শ্লীলতাহানির চেষ্টা করে। আমি চিৎকার করিতে থাকিলে ৪ নং তপশীল ব্যক্তি আমার মুখ বন্ধ করিয়া গলা টিপিয়া ধরে। তৎসহ ৫ নং তপশীল ব্যক্তি আমার মাথায়, তলপেটে আঘাত করে এবং এর ফলে আমি জখমপ্রাপ্ত হই। অন্যান্য তপশীল ব্যক্তিগণ আমার সারা শরীরে কিল, চড়, ঘুঁসি, লাথি মারিতে থাকে এবং আমাকে এবং আমার স্বামীসহ পরিবারবর্গকে প্রানে মারিয়া ফেলিবার ধমকানি দেয়। আমার চিৎকারে প্রতিবেশীগণ ছুটিয়া আসিলে তপশীল ব্যক্তিগণ আমাকে ছাড়িয়া দিয়া ছুটিয়া পলাইয়া যায়। যাইবার সময় তপশীল ব্যক্তিগণ আমাকে সহ আমার পরিবারবর্গকে অকথ্য ভাষায় গালিগালাজ করিতে থাকে ও তাহাদের মধ্যে কেহ একজন আমার গলায় থাকা প্রায় ২ ভরি ওজনের রুপোর হার যাহার মূল্য ১৫০০/- টাকা তাহা ছিঁড়িয়া চুরি করিয়া লইয়া যায়। আমি অসুস্থ বোধ করায় আমার স্বামী স্থানীয় ডাক্তারবাবুকে দেখানোর পরে আমাকে কাঁথি হাসপাতালে লইয়া যায় এবং সেখানে আমি চিকিৎসা হই এবং ডাক্তারবাবু মাথায় স্ক্যান করিবার জন্য নির্দেশ দেন। আমি এখনও চিকিৎসাধীন রহিয়াছি। চিকিৎসার কারনে আপনার নিকট অভিযোগ করিতে বিলম্ব হইল। তপশীল ব্যক্তিগণের উদ্দেশ্য ছিল আমাকে ও আমার স্বামীকে প্রানে মেরে ফেলা। অত্রসহ ইনজ্যুরি রিপোর্টের জেরক্স কপি দাখিল হইল। সাক্ষীগণ সমুহ ঘটনা দেখিয়াছে।

প্রার্থনা যে, আমার এই অভিযোগমুলে দোষী তপশীল ব্যক্তিগণের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক আইনানুগ যথাবিহিত ব্যবস্থা লইয়া শাস্তিদানের সুব্যবস্থা গ্রহনে আজ্ঞা হয়। নিবেদন ইতি তাং

বিনীতা
সন্ধ্যা মন্ডল
সন্ধ্যা মন্ডল
(7718529568)

Received on 20.3.17
at 10:35hrs and
started MMC PS
c/NO 10/17 dt 20.3.17
u/s- 341/323/325/
354/379/506/
34 IPC

20/3/17.
Officer-in-charge
Mandarmani Coastal P.S.
Purba Medinipur

**তপশীল আসামীগণের নাম ও ঠিকানা**

১। অশোক মন্ডল, পিতা- শ্রীহরি মন্ডল
২। সুরেন্দ্র মন্ডল, পিতা- কার্তিক মন্ডল
৩। দীপক মন্ডল, পিতা- কালীপদ মন্ডল
৪। কমল মন্ডল, পিতা- শ্রীহরি মন্ডল
৫। জাহ্নবী মন্ডল, স্বামী -দীপক মন্ডল
৬। অঞ্জলী মন্ডল, স্বামী-শ্রীহরি মন্ডল
৭। মামনী মন্ডল, স্বামী - কমল মন্ডল
৮। টুসি মন্ডল, স্বামী- অশোক মন্ডল
৯। কালীপদ মন্ডল, পিতা-হেমন্ত মন্ডল
১০। নিলীমা মন্ডল (নিলু) স্বামী- সুরেন্দ্র মন্ডল

সকলের সাং- পুর্ববাড় (পূর্ব), পোঃ-কালিন্দী, থানা-মান্দারমনি কোস্টাল, জেলা-পূর্ব মেদিনীপুর।

**সাক্ষীগণের নাম ও ঠিকানা**

১। গীতা খামারী, স্বামী-হারাধন খামারী
২। হারাধন খামারী, পিতা- অজ্ঞাত
৩। গৌরগোপাল খামারী, পিতা- লক্ষ্মীকান্ত খামারী
৪। গৌরী খামারী, স্বামী- গৌরগোপাল খামারী
৫। মঞ্জু দে, স্বামী-তাপস দে

সকলের সাং- হাউড়বুড়ি,পোঃ-কালিন্দী তেখরী,